

প্রতিবন্ধী স্কুলের শিক্ষকরা জাতীয় স্কেলে বেতন চান

নিজস্ব প্রতিবেদক >

অষ্টম জাতীয় বেতন কাঠামো অনুযায়ী ২০১৫ সালের জুলাই থেকে বেতন-ভাতা দাবি করেছেন বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের সামনে বিশেষ শিক্ষা বিদ্যালয় ও প্রতিষ্ঠানের প্রফেশনাল শিক্ষক এবং কর্মচারী সমিতির ব্যানারে আয়োজিত মানববন্ধনে এই দাবি জানানো হয়েছে।

শিক্ষকরা বলেন, '২০১০ সালের ফেব্রুয়ারি থেকে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা-২০০৯ অনুমোদন করা হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাভুক্ত জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন থেকে নীতিমালা অনুযায়ী ৬২টি বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীরা শতভাগ মূল বেতনসহ মহার্ঘ ভাতা ও নামমাত্র ভাতা (বাড়িভাড়া ১০০ টাকা ও চিকিৎসা ভাতা ১৫০ টাকা) পেয়ে আসছেন। এটা খুবই অগ্রতুল। সরকার এরই মধ্যে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেল কার্যকর করেছে।

ব্যানাবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
সীক, পরিসং. নং/বি.সং.	
সীক, ডি.এল.পি/বি.সং.	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
	R 87 স্বাক্ষর